যুগান্তর

তারিখ 14 OCT 2008
পৃষ্ঠা ৩ কলাম ৩

# কাল থেকে শিক্ষাশুমারি শুরু হচ্ছে

যুগান্তর রিপোর্ট

প্রায় ৯ বছর পর দেশে আবার শিক্ষাশুমারি শুরু হচ্ছে। শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) তত্ত্বাবধানে আগামীকাল শুরু হওয়া এই জরিপ চলবে এক মাস। প্রায় ১ হাজার ৬শ গণনাকারী মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় এবং মাধ্যমিকের সমমানের শিক্ষা প্রতিষ্ঠান, ডিপ্লোমা ইন্সটিটিউট গণনার আওতায় নিয়ে আসবেন। এ সংখ্যা প্রাথমিকভাবে ৩৪ হাজার বলে ধারণা করছে ব্যানবেইস।

সোমবার এক সংবাদ সম্মেলনে ব্যানবেইস জানায়, জরিপের বাজেট নির্ধারণ করা হয়েছে ৩ কোটি ১২ লাখ টাকা। সরকারের ন্যাশনাল এডুকেশন সার্ভেস এন্ড ট্রেনিং (নেস্ট) নামক উন্নয়ন কর্মসূচি থেকে এ অর্থ মিলবে। শিক্ষা সচিবের নেতৃত্বে ১২ সদস্যের একটি স্টিয়ারিং কমিটি ও ব্যানবেইসের পরিচালকের নেতৃত্বে ১৩ সদস্যের একটি বাস্তবায়ন কমিটি কাজ করছে।